গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা
www.shed.gov.bd

স্মারক নং ৩৭.০০.০০০০.০৭৫.০১.০০৫.২১-২৬৩

তারিখ: ০১ কার্তিক ১৪২৮ বাংলা / ১৭ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর প্রথম ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি (জুলাই-সেপ্টেম্বর, ২০২১) প্রতিবেদন প্রেরণ।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং:০৪.০০.০০০০.৮৩৩.৩৩.০০৫.১৯.১৩৫; তারিখ: ১০ অক্টোবর, ২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর প্রথম ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি (জুলাই-সেপ্টেম্বর, ২০২১) প্রতিবেদন চাহিত ছক অনুযায়ী নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

১৭/১০/২০২১

(মোহাম্মদ জোবায়ের)
প্রোগ্রামার
☎ ৯৫৪৬৫৭৯
ap_zobair@moedu.gov.bd

সচিব (সমন্বয় ও সংস্কার)
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃ.আ. উপসচিব
ই-গভর্নেন্স-২ অধিশাখা
মন্ত্রিপরিষদ বিভাগ।

**অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে):**

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
০২। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

## ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ মন্ত্রণালয়/ বিভাগ ও দপ্তর/সংস্থা পর্যায়ের অফিসের জন্য

মন্ত্রণালয়/বিভাগের নাম: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

| ক্রম | কর্মসম্পাদন ক্ষেত্র | মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | লক্ষ্যমাত্রা ২০২১-২০২২ অসাধারণ | উত্তম | চলতি মান | ১ম ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি (প্রযোজ্য ক্ষেত্রে) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ১০০% | ৮০% | ৬০% | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | |
| ১ | [১] ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩৫ | [১.১] উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন | [১.১.১] একটি নতুন উদ্ভাবনী ধারণা বাস্তবায়িত | তারিখ | ৫ | ১৬/০৩/২০২২ | ১৪/০৪/২০২২ | ০৫/০৫/২০২২ | কার্যক্রম চলমান |
| | | | [১.২] সেবা সহজিকরণ | [১.২.১] একটি সেবা সহজিকৃত | তারিখ | ৫ | ২৫/০২/২০২২ | ০৪/০৩২০২২ | ২৫/০৩/২০২২ | কার্যক্রম চলমান |
| | | | [১.৩] সেবা ডিজিটাইজেশন | [১.৩.১] ন্যূনতম একটি সেবা ডিজিটাইজকৃত | তারিখ | ৫ | ৩০/১২/২০২২ | ১৩/০১/২০২০ | ২০/০১/২০২২ | কার্যক্রম চলমান |
| | | | [১.৪] ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভা | [১.৪.১] সভা আয়োজিত | তারিখ | ৪ | ৩০/০৮/২০২১ | ১৫/০৯/২০২১ | ৩০/০৯/২০২১ | ২৯ আগস্ট ২০২১ তারিখ সভা অনুষ্ঠিত হয়েছে |
| | | | [১.৫] ই-নথির ব্যবহার বৃদ্ধি | [১.৪.১] ই-ফাইলে নোট নিস্পত্তিকৃত | % | ৬ | ৮০% | ৭০% | ৬০% | ৮০% |
| | | | [১.৬] ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজন | [১.৬.১] সভা/কর্মশালা আয়োজিত | সংখ্যা | ৪ | ২ | ১ | - | কার্যক্রম চলমান |
| ২ | [২] প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি | ১৫ | [২.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [২.১.১] তথ্য বাতায়নে সকল সেবা বক্স হালনাগাদকৃত | সংখ্যা | ৪ | ৪ | ৩ | ২ | অদ্যাবধি হালনাগাদ আছে |
| | | | | [২.১.২] বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি তথ্য বাতায়নে প্রকাশিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | কার্যক্রম চলমান |
| | | | [২.২] ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [২.২.১] কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজিত | | ৩ | ৪ | ৩ | ২ | কার্যক্রম চলমান |
| | | | | [২.২.২]ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ ব্যয়িত | % | ৩ | ৮০% | ৭০% | ৬০% | কার্যক্রম চলমান |
| | | | | [২.২.৩] কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভা আয়োজিত | সংখ্যা | ৩ | ৪ | ৩ | ২ | ২৬ সেপ্টেম্বর ২০২১ তারিখে ১টি সভা অনুষ্ঠিত হয়েছে |
| | | | | [২.২.৪] কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে/ ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরিত | তারিখ | ৩ | ১৩/০১/২০২২ | ২০/০১/২০২২ | ২৭/০১/২০২২ | - |
| | | | | [২.২.৫] দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শনকৃত | সংখ্যা | ৩ | ৩০/০৫/ ২০২২ | ৩০/০৬/ ২০২২ | - | কার্যক্রম চলমান |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা

ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ হাসানুল ইসলাম, এনডিসি<br>অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) ও চিফ ইনোভেশন অফিসার |
| সভার তারিখ | ২৯ আগস্ট ২০২১ |
| সভার সময় | বিকাল ৩.০০ মিনিট |
| স্থান | ভার্চুয়াল সভা |
| উপস্থিতি | ভার্চুয়াল সভা |

২. সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এর ইনোভেশন টিমের সদস্য সচিব ও ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব মোহাম্মদ জোবায়ের, প্রোগ্রামার-কে সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করতে বলেন। সদস্য সচিব বলেন যে, ২০২১-২০২২ অর্থবছরে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ৫০ নম্বরের ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। উক্ত কর্মপরিকল্পনার ১.৪ কার্যক্রমে ৩০ আগস্ট ২০২১ তারিখের মধ্যে ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভা আয়োজনের নির্দেশনা রয়েছে। সেই লক্ষ্যে অদ্যকার সভা আয়োজন করা হয়েছে। উক্ত কার্যক্রমটি বাস্তবায়নের লক্ষ্যে ০৪ আগস্ট ২০২১ তারিখ আওতাধীন সকল অধিদপ্তর-দপ্তর-সংস্থাকে ২০১৭-২০১৮ অর্থবছর হতে ২০২০-২০২১ অর্থবছর পর্যন্ত বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত তথ্য প্রদানের জন্য অনুরোধ করা হয়। বেসরকারি শিক্ষক কর্মচারী অবসর সুবিধা বোর্ড এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী ব্যতীত সকল সংস্থা হতে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত তথ্য পাওয়া গিয়েছে। তিনি সকল সংস্থা হতে প্রাপ্ত তথ্যসমূহ একীভূত করে সভায় উপস্থাপন করেন। তিনি আরও জানান যে, ২০২১-২০২২ অর্থবছরের ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী এ বিভাগের আওতাধীন সকল দপ্তর-সংস্থার অদ্যকার সভার ন্যায় ৩০ আগস্ট ২০২১ তারিখের মধ্যে সভা আয়োজনের নির্দেশনা রয়েছে। তিনি এ বিষয়ে আওতাধীন অধিদপ্তর-দপ্তর-সংস্থার ইনোভেশন ফোকাল পয়েন্ট কর্মকর্তার দৃষ্টি আকর্ষন করেন এবং যারা সভাটি এখনো আয়োজন করতে পারেননি ৩০ আগস্ট ২০২১ তারিখের মধ্যে সভাটি আয়োজনের অনুরোধ জানান।

সভাপতি জানান যে, ২০২১-২০২২ অর্থবছর হতে ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিল্পনা এপিএ'তে অন্তর্ভূক্ত করা হয়েছে। তাই এপিএ'তে ভালো করতে হলে ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিল্পনা শতভাগ বাস্তবায়ন করতে হবে। এক্ষেত্রে নির্দিষ্ট সময়ের মধ্যে কার্যক্রম বাস্তবায়ন এবং তথ্য প্রদান অত্যন্ত জরুরী। তিনি উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত তথ্য আজকের মধ্যে প্রেরণের জন্য বেসরকারি শিক্ষক কর্মচারী অবসর সুবিধা বোর্ড এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী ইনোভেশন ফোকাল পয়েন্ট কর্মকর্তার দৃষ্টি আকর্ষন করেন। এছাড়া যেসকল দপ্তর/সংস্থাসমূহ এখনো সভা আয়োজন করতে পারেন নাই তাদেরকে দ্রুত সভা আয়োজন করে এর কার্যবিবরণীসহ বিস্তারিত প্রতিবেদন এ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ জানান।

সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

৩. সিদ্ধান্তসমূহ:

৩.১ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এর আওতাধীন সকল দপ্তর/সংস্থাসমূহ ২০২১-২০২২ অর্থবছরের ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা শতভাগ বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করবে;

৩.২ বেসরকারি শিক্ষক কর্মচারী অবসর সুবিধা বোর্ড এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী এ পর্যন্ত বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত তথ্য কর্মপরিকল্পনা মোতাবেক নির্ধারিত তারিখের মধ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে প্রেরণ করবে;

৩.৩ ২০২১-২০২২ অর্থবছরের ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী এ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থাসমূহ নির্ধারিত সময়ের মধ্যে সভা, সেমিনার ও প্রশিক্ষণ আয়োজন করবে এবং এ সংক্রান্ত তথ্যাদি এ বিভাগে প্রেরণ করবে;

৩.৪ সকল দপ্তর/সংস্থাসমূহ ইতোপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ বাস্তবায়ন করবে এবং প্রতি তিন মাস অন্তর তাঁর বর্তমান অবস্থা এ বিভাগে প্রেরণ করবে ;

৩.৫ মাউশি অধিদপ্তর, বিশ্বিবদ্যালয় মঞ্জুরী কমিশন, ব্যানবেইস, এনসিটিবি, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট এবং নায়েম ইতোপূর্বে বাস্তবায়িত সরকারের এক সেবা প্লাটফর্ম (myGov) এ ডিজিটাইজকৃত সেবাসমূহ কার্যকরভাবে ব্যবহারের পদক্ষেপ গ্রহণ করবে এবং প্রতি তিন মাস অন্তর এর প্রতিবেদন এ বিভাগে প্রেরণ করবে;

৩.৬ মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইট এর ন্যায় সকল দপ্তর/সংস্থাসমূহ তাঁদের নিজ নিজ ওয়েবসাইট হালনাগাদ করবে এবং এর প্রতিবেদন প্রতি তিন মাস অন্তর এ বিভাগে প্রেরণ করবে।

৪. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ হাসানুল ইসলাম, এনডিসি
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) ও চিফ
ইনোভেশন অফিসার

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৫.০১.০০৫.২১.২২৩/১

তারিখ: ১৮ ভাদ্র ১৪২৮
০২ সেপ্টেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাধীন অধিদপ্তর-দপ্তর-সংস্থা (সকল)।

৩) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
ঢাকা/রাজশাহী/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/দিনাজপুর/ময়মনসিংহ।

৫) উপসচিব, ই-গভর্নেন্স-২ অধিশাখা , মন্ত্রিপরিষদ বিভাগ।

৬) উপসচিব, প্রশিক্ষণ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

৭) উপসচিব, বেসরকারি মাধ্যমিক-৩ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

৮) সিনিয়র সহকারী সচিব, বাজেট শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

৯) সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব), বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

১০) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

মোহাম্মদ জোবায়ের
প্রোগ্রামার

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা

## ইনোভেশন টিমের ১ম সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ হাসানুল ইসলাম এনডিসি<br>অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) ও চিফ ইনোভেশন অফিসার |
| সভার তারিখ | ২৬ সেপ্টেম্বর ২০২১ |
| সভার সময় | সকাল ১০.৩০ মিনিট |
| স্থান | শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

২. সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এর ইনোভেশন টিমের সদস্য সচিব ও ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব মোহাম্মদ জোবায়ের, প্রোগ্রামার-কে সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করতে বলেন। সদস্য সচিব বলেন যে, ২০২১-২০২২ অর্থবছরে ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য আজকের সভা আহ্বান করা হয়েছে। ১.১ কার্যক্রমে উল্লেখিত ১৬.০৩.২০২২ তারিখের মধ্যে একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন, ১.২ কার্যক্রমে উল্লেখিত ২৫.০২.২০২২ তারিখের মধ্যে একটি সেবা সহজিকরণ এবং ১.৩ কার্যক্রমে উল্লেখিত ৩০.১২.২০২১ তারিখের মধ্যে একটি সেবা ডিজিটাইজেশনের কার্যক্রম রয়েছে। তিনি ১.১ এর কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে উপসচিব (বেসরকারি মাধ্যমিক-৩) জনাব মোঃ কামরুল হাসান কর্তৃক প্রস্তাবিত "বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে মূল্যায়ন ভিত্তিক এম.পি.ও কার্যক্রম অব্যাহত রাখা" উদ্ভাবনী উদ্যোগটি প্রস্তাব করেন। এছাড়া ১.২ কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে (ক) শিক্ষা প্রতিষ্ঠানের মনিটরিং ব্যবস্থাপনা মোবাইল অ্যাপস এর মাধ্যমে বাস্তবায়ন (খ) Meeting Management System এবং (গ) বেসরকারি শিক্ষক-কর্মচারিদের এম.পি.ও.ভুক্তির লক্ষ্যে আবেদন এর সহিত সংযুক্ত Document হ্রাসকরণ সংক্রান্ত সেবাসমূহের মধ্যে যে কোন একটি সেবাকে সেবা সহজিকরণ করার প্রস্তাব করেন। তিনি ১.৩ কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে (ক) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এম.পি.ও. নীতিমালা-২০২১ অনুসারে নতুন শিক্ষা প্রতিষ্ঠান এম.পি.ও. ভুক্তির জন্য আবেদন এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ ও এর আওতাধীন দপ্তর/ সংস্থাসমূহের জন্য Training Management System সেবাসমূহকে ডিজিটাইজেশন করার প্রস্তাব করেন।

৩. সভায় ইনোভেশন টিমের সদস্য জনাব মোঃ কামরুল হাসান, উপসচিব (বেসরকারি মাধ্যমিক-৩) জানান যে, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে মূল্যায়নের ভিত্তিতে এম.পি.ও. কার্যক্রম পরিচালনার জন্য উদ্যোগটি গ্রহণ করা প্রয়োজন। কাম্য শিক্ষার্থীর সংখ্যা, কাম্য পরীক্ষার্থীর সংখ্যা এবং কাম্য পাসের হার এই তিনটি Criteria'র উপর ভিত্তি করে একটি শিক্ষা প্রতিষ্ঠানের মূল্যায়ন করা যাবে। সে লক্ষ্যে একটি সফ্টওয়্যার ডেভেলপ করা প্রয়োজন এবং মাউশি অধিদপ্তর এর সহযোগিতায় এ সংক্রান্ত বিষয় বাস্তবায়ন করা প্রয়োজন।

৪. সিনিয়র সহকারী সচিব (বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা) বলেন যে, উদ্ভাবনী উদ্যোগটি বাস্তবায়নের জন্য উপসচিব (বেসরকারি মাধ্যমিক-৩) শীঘ্রই কার্যক্রমটি আরম্ভ করবেন এবং এ বিষয়ে যা যা প্রয়োজন বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা শতভাগ সহযোগিতা প্রদান করবে।

৫. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এর উপসচিব (প্রশাসন ও সংস্থাপন) সভাকে অবহিত করেন যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এর কর্মচারীদের জন্য পিডিএস ব্যবস্থাপনা তৈরি করা প্রয়োজন। উক্ত ব্যবস্থপনা তৈরি হলে একটি কর্মচারীর সকল তথ্য খুব সহজে পাওয়া যাবে। ফলে প্রশাসনিক সিদ্ধান্ত নিতে খুব সহজতর হবে।

৬. পরিচালক (কলেজ ও প্রশাসন), মাউশি অধিদপ্তর জানান যে, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে মূল্যায়ন ভিত্তিক এম.পি.ও কার্যক্রম অব্যাহত রাখা সংক্রান্ত উদ্ভাবনী উদ্যোগ, শিক্ষা প্রতিষ্ঠানের মনিটরিং ব্যবস্থাপনা মোবাইল অ্যাপ এর মাধ্যমে বাস্তবায়ন ও Meeting Management System সংক্রান্ত সেবাসহজিকরণ এবং Training Management System ও পিডিএস ব্যবস্থাপনা সংক্রান্ত ডিজিটাইজেশন সফটওয়্যারটি প্রণয়নে মাউশি অধিদপ্তর সহযোগিতা প্রদান করবে।

৭. অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয় জানান যে, একটি উদ্ভাবনী উদ্যোগ, একটি সেবা সহজিকরণ এবং একটি সেবা ডিজিটাইজেশন কার্যক্রমে বাস্তবায়নের জন্য শীঘ্রই পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। তিনি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ ও এর আওতাধীন অধিদপ্তর-দপ্তর-সংস্থাসমূহ কর্তৃক যৌথভাবে বাস্তবায়ন করা যায় এমন একটি উদ্ভাবনী ধারণা, একটি সহজিকৃত সেবা ও একটি ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত তথ্য প্রদানের জন্য অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহকে অনুরোধ জানান।

৮. সভাপতি জানান যে, ২০২১-২০২২ অর্থবছর হতে ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিল্পনা এপিএ'তে অন্তর্ভূক্ত করা হয়েছে। তাই এপিএ'তে ভালো করতে হলে ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিল্পনা শতভাগ বাস্তবায়ন করতে হবে। এক্ষেত্রে নির্দিষ্ট সময়ের মধ্যে কার্যক্রম বাস্তবায়ন এবং তথ্য প্রদান অত্যন্ত জরুরী। তিনি ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনায় উল্লিখিত একটি উদ্ভাবনী উদ্যোগ, একটি সেবা সহজিকরণ এবং একটি সেবা ডিজিটাইজেশন কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।

পরবর্তীতে ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

৯. সিদ্ধান্তসমূহ:

৯.১ পরিচালক (কলেজ ও প্রশাসন), মাউশি অধিদপ্তর এবং উপসচিব (বেসরকারি মাধ্যমিক-৩), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ "বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে মূল্যায়ন ভিত্তিক এম.পি.ও. কার্যক্রম অব্যাহত রাখা" সংক্রান্ত উদ্ভাবনী ধারণাটি ১৩.০৩.২০২২ তারিখের পূর্বেই বাস্তবায়ন করবে। বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা এ সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে;

৯.২ শিক্ষা প্রতিষ্ঠানের মনিটরিং ব্যবস্থাপনা মোবাইল অ্যাপ এর মাধ্যমে বাস্তবায়ন সংক্রান্ত সেবাটি সহজিকরণ এর বিষয়ে মাউশি অধিদপ্তর সহযোগিতা প্রদান করবে;

৯.৩ এম.পি.ও. নীতিমালা-২০২১ অনুসারে নতুন শিক্ষা প্রতিষ্ঠান এম.পি.ও. ভুক্তির জন্য আবেদন সংক্রান্ত কার্যক্রমটি ডিজিটাইজেশন করতে হবে। এ সংক্রান্ত বিষয়ে উপসচিব (বেসরকারি মাধ্যমিক-৩), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং ব্যানবেইস পদক্ষেপ গ্রহণ করবে;

৯.৪ Training Management System সংক্রান্ত কার্যক্রমটি উপসচিব (প্রশিক্ষণ) ও প্রোগ্রামার, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ বাস্তবায়ন করবেন। এ সংক্রান্ত বিষয়ে মাউশি অধিদপ্তর সহযোগিতা প্রদান করবে;

৯.৫ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এর কর্মচারীদের জন্য পিডিএস ব্যবস্থাপনা সফটওয়্যারটি তৈরির বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা মাউশি অধিদপ্তর প্রদান করবে;

৯.৬ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এর আওতাধীন অধিদপ্তর-দপ্তর-সংস্থাসমূহ ২০২১-২০২২ অর্থবছরে যৌথভাবে বাস্তবায়নযোগ্য একটি উদ্ভাবনী ধারণা, একটি সহজিকৃত সেবা ও একটি ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত তথ্য ০৩/১০/২০২১ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করবে;

৯.৭ ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ১টি প্রশিক্ষণ অক্টোবর' ২০২১ এর মধ্যে আয়োজন করতে হবে। উপসচিব (প্রশিক্ষণ) এ বিষয়ে পদক্ষেপ গ্রহণ করবেন ;

৯.৮ ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে ১টি অবহিতকরণ সভা/কর্মশালা দ্রুত আয়োজনের পদক্ষেপ গ্রহণ করতে হবে। উপসচিব (প্রশিক্ষণ) এ বিষয়ে পদক্ষেপ গ্রহণ করবেন।

১০. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ হাসানুল ইসলাম এনডিসি
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) ও চিফ
ইনোভেশন অফিসার

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৫.০১.০০৫.২১.২৪১

তারিখ: ১৫ আশ্বিন ১৪২৮
৩০ সেপ্টেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাধীন অধিদপ্তর-দপ্তর-সংস্থা (সকল)।
৩) উপসচিব, প্রশাসন ও সংস্থাপন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৪) সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৫) উপসচিব, প্রশিক্ষণ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৬) উপসচিব, ই-গভর্নেন্স-২ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।
৭) উপসচিব, বেসরকারি মাধ্যমিক-৩ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৮) সিনিয়র সহকারী সচিব, বাজেট শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৯) সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব), বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
১০) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

মোহাম্মদ জোবায়ের
প্রোগ্রামার